আল্লাহ তাআলা বলেন: যখন আমি আমার বান্দার পছন্দনীয় পার্থিব জিনিসকে কেড়ে নিই, অতঃপর সে (তাতে) সাওয়াবের আশা রাখে, তখন তার জন্য আমার নিকট জান্নাত ছাড়া অন্য কোন বিনিময় নেই।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু হতে মারফূ‘ হিসেবে বর্ণিত: মহান আল্লাহ বলেন, “যখন
আমি আমার বান্দার পছন্দনীয় পার্থিব জিনিসকে কেড়ে নিই, অতঃপর সে (তাতে) সাওয়াবের আশা রাখে, তখন তার জন্য আমার নিকট জান্নাত ছাড়া অন্য কোন বিনিময় নেই”। [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

এ হাদীসে কুদসীতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিচ্ছেন যে ব্যক্তি নিজের কোন প্রিয় আত্মীয় ইত্যাদি হারানোর বিপদে আক্রান্ত হন, তারপর লোকটি তার পছন্দনীয় ব্যক্তি যেমন তার নিকট আত্মীয় বা সন্তান বা ভাই বা চাচা বা পিতা-মাতা বা বন্ধু ইত্যাদি হারানোর ওপর ধৈর্য ধারণ করে, অতঃপর সে সাওয়াবের আশা করে, তার জন্য জান্নাত ছাড়া আর কোন বিনিময় থাকবে না।

http://sunnah.global/hadeeth/bn/show/3162